



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

স্মারক নং-চুয়াঃপৌর/২০১৭/ ৬৫৯

তারিখ-১১/০৫/২০১৭ইং।

## ”বিশেষ বিজ্ঞপ্তি”

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

এতদ্বারা চুয়াডাঙ্গা পৌরসভার সকল সম্মানিত হোল্ডিং করদাতাগনকে জানানো যাচ্ছে যে, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGAIP-III) কর্তৃক চুয়াডাঙ্গা পৌরসভায় রাস্তা, ড্রেন ইত্যাদি উন্নয়ন মূলক কাজ চলমান আছে। উক্ত দাতা সংস্থার শর্ত মোতাবেক পৌরকর আদায় ৮০% এর উর্ধে না হলে উন্নয়ন বরাদ্দ বাতিল হয়ে যাবে। সেকারণ জনস্বার্থ বিবেচনায় চুয়াডাঙ্গা পৌরসভার উন্নয়ন মূলক কাজ চলমান রাখার স্বার্থে শুধুমাত্র বকেয়া পৌরকরের উপর ১৫% বিশেষ ছাড় দিয়ে বকেয়া পৌরকর আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে মোতাবেক মহল্লা ভিত্তিক ও পৌরসভা অফিস চত্বরে অফিস চলাকালীন সময়ে পৌরকর আদায়ের কার্যক্রম ১৪ই মে ২০১৭ ইং তারিখ হতে চলবে। সম্মানিত গ্রাহকগন এ সুযোগ আগামী ৩০শে মে ২০১৭ পর্যন্ত পাবেন।

পৌরকর পরিশোধের সুবিধার্থে সম্মানিত হোল্ডিং করদাতাগনকে পৌরসভা অফিস চত্বর ও মহল্লার নির্ধারিত স্থান সমূহে সকাল ৯:৩০ হতে বিকাল ৫:০০ পর্যন্ত ছুটির দিন ব্যতিত পৌরকর পরিশোধ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)

মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।

সময়মত পৌরকর ও পানির বিল পরিশোধ করুন, আপনার শহর পরিষ্কার রাখুন, সময়মত আপনার শিশুকে টিকা